

জাবিতে দেয়ালিকা পুড়িয়ে দিয়েছে দুর্ভুত্তরা, ক্যাম্পাসে ক্ষোভ

জাবি সংবাদদাতা ॥ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সুস্থ সাংস্কৃতিক চর্চার ওপর অপশক্তির আঘাত ফের শুরু হয়েছে। গত রবিবার দিবাগত রাতে অজ্ঞাত পরিচয় কতিপয় দুর্ভুত্তরী জাবিতে সন্দেহিত আত্মপ্রকাশিত "যোগসূত্র" নামক একটি সাংস্কৃতিক সংগঠনের বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে প্রকাশিত ৩৩ মিটার দীর্ঘ দেয়ালিকার অর্ধাংশ পুড়িয়ে দিয়েছে। এর আগে ৩১ ডিসেম্বর রাতেও কতিপয় দুর্ভুত্তরী জাহাঙ্গীরনগর থিয়েটারের নাটকের সেট পুড়িয়ে দেয়। এ ঘটনায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা ফুরু প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন।

সূত্র মতে, গত ১২ জানুয়ারি জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকদের লেখা সংশ্লিষ্ট জাবি বিষয়ক ৩৩ মিটার দীর্ঘ একটি দেয়ালিকা প্রকাশ করে যোগসূত্রের কর্মীরা। দেয়ালিকাটি বিশ্ববিদ্যালয়ের "অমর একুশের" পাদদেশে প্রদর্শনের জন্য উন্মুক্ত করা হয়। সে মোতাবেক প্রশাসনের কোনরকম সহযোগিতা ছাড়া জাবির প্রাক্তন ও বর্তমান ছাত্র ও শিক্ষকদের উদ্যোগে আয়োজিত বিশ্ববিদ্যালয় দিবসে এ দেয়ালিকাটি ব্যাপক সমাদৃত হয়। কিন্তু এদিন রাতেই অজ্ঞাত পরিচয় দুর্ভুত্তরীরা তাদের ৩৩ মিটার দেয়ালিকায় অগ্নিসংযোগ করে, যার ১৫ মিটার পুড়ে যায়। উল্লেখ্য, গত মাসে প্রশাসন কোনরকম পূর্বনির্দেশ ছাড়া

জাহাঙ্গীরনগর থিয়েটারের নাটকের বিভিন্ন সেট বের করে দেয়। পরবর্তীতে ক্রমের অভাবে জাহাঙ্গীরনগর থিয়েটার কর্মীরা তা টিএসসিতে রাখে। এখানে অরক্ষিত অবস্থায় গত ৩১ ডিসেম্বর রাতে কতিপয় দুর্ভুত্তরী জাবির নাটকের সেট পুড়িয়ে দেয়। এ ঘটনায় নাট্য নির্দেশক ও নাট্যতত্ত্ব বিভাগের শিক্ষক রশিদ হারুন বলেন, দেয়ালিকা ও নাটকের সেট জ্বালিয়ে দেয়া জাবির সুস্থ সাংস্কৃতিক চর্চাকে রুদ্ধ করার প্রয়াস। জাবিতে মৌলবাদী শক্তির উত্থানের যে প্রচেষ্টা এ সমস্ত কর্মকাণ্ড তার অংশ। তবে জাবির মৌলবাদীবিরোধী চেতনা উজ্জীবিত থাকা অবস্থায় এদের উত্থান কখনই সম্ভব না। এ ব্যাপারে জাবি সাংস্কৃতিক ফোর্ট, জাহাঙ্গীরনগর থিয়েটার, ছাত্র ইউনিয়ন, ছাত্রলীগ, ছাত্রদল ফুরু প্রতিক্রিয়া ব্যক্ত করে দোষীদের বিচার দাবি করেছে। উল্লেখ্য, গত ৭ জানুয়ারি ছাত্রদল কর্মী ও সাধারণ ছাত্রদের হাতে শিবির সন্দেহে আটক জাহাঙ্গীরনগর স্টুডেন্টস এ্যাসোসিয়েশন ফর কাপচারাল এ্যান্ড কনসার্নেস এ্যাকটিভিটিস (জেসাইকা) কর্মীদের কাছে প্রাণ প্রচারপত্রে জাবির বর্তমানের সাংস্কৃতিক কর্মকাণ্ডকে "তথাকথিত সংস্কৃতি" আখ্যা দিয়ে তাদের বিরুদ্ধে অভিযান পরিচালনার প্রতিজ্ঞা ব্যক্ত করেছিল। তাই যোগসূত্র দেয়ালিকা এবং জাহাঙ্গীরনগর থিয়েটারের নাটকের সেট পোড়ানোর ক্ষেত্রে মৌলবাদী চক্রের হাত থাকতে পারে বলে ধারণা করছে ক্যাম্পাসবাসী।